FEB. 08 2002

দৈনিক সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ৭ কলাম ...

# প্রাথমিক শিক্ষকদের কল্যাণে ট্রাস্টি বোর্ড পুনরুজ্জীবিত

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও তাদের পোষ্যদের কল্যাণের জন্য ১৯৮৫ সালে গঠিত, সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক কল্যাণ ট্রাস্টের কার্যক্রম পুনরায় চালু করা হয়েছে। এ লক্ষ্যে নতুন করে ট্রাস্টি বোর্ড গঠন করা হয়েছে। নবগঠিত ট্রাস্টি বোর্ডের সভা বুধবার প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক শরীফ উল্যার সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় ট্রাস্ট গঠনের উদ্দেশ্য, আদর্শ, তহবিল গঠন, আয়-ব্যয়, অনুদান হিসাব সংরক্ষণ, চাঁদা আদায় ও সাহায্য প্রদান সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয় এবং শিক্ষক ও তাদের পোষ্যদের কল্যাণে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তথ্য [illegible]